গোয়াইনঘাটে বিএনপির জিয়ার শাহাদাতবার্ষিকীর আলোচনা সভা

সিলেট জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ও গোয়াইনঘাট উপজেলা পরিষদের একাধিকবারের নির্বাচিত সাবেক চেয়ারম্যান আব্দুল হাকিম চৌধুরী বলেছেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ছিলেন সফল রাষ্ট্রনায়ক ও একজন বিশ্বনেতা। তিনি দেশের চরম ক্রান্তিলগ্নে জাতীয় রাজনীতির পাদপ্রদীপের আলোয় উদ্ভাসিত হন। দেশমাতৃকার মুক্তির জন্য নেতৃত্বহীন জাতির দিশারী হয়ে তিনি স্বাধীনতার ঘোষণা দেন এবং মুক্তিযুদ্ধ শুরু করেন। শহীদ জিয়ার শাহাদাতবার্ষিকীতে তার প্রদর্শিত পথেই বর্তমানের অগণতান্ত্রিক শক্তি ও আধিপত্যবাদের ষড়যন্ত্রকে মোকাবেলা করে জনগণের ঘাড়ে চেপে বসা ফ্যাসিবাদী শক্তিকে পরাজিত করতে হবে।
তিনি মঙ্গলবার বিকেলে মহান স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪১তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে গোয়াইনঘাট উপজেলা বিএনপির উদ্যোগে স্থানীয় একটি হলরুমে অনুষ্ঠিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন। উপজেলা বিএনপির সভাপতি মাহবুব আলমের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোঃ জসিম উদ্দিনের পরিচালনায় অনুষ্ঠিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে উপজেলা বিএনপি অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।
সভায় বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি আবদুল মতিন, সহ সভাপতি আব্দুল করিম শিকদার, বশির আহমদ, সাংগঠনিক সম্পাদক জয়নাল আবেদীন, উপজেলা যুবদলের আহবায়ক এডভোকেট শাহজাহান সিদ্দিকী, সদস্য সচিব খালেদ আহমদ, উপজেলা সেচ্ছাসেবক দলের আহবায়ক আহমেদ হুমায়ুন জামাল, সদস্য সচিব শাহাব উদ্দিন শিহাব চেয়ারম্যান রুস্তমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ইউনুস আলী, সাধারন সম্পাদক মজম্মিল আলী, পশ্চিম আলীর গাও ইউনিয়ন বিএনপির সভাপতি গোলাম সরওয়ার সোহেল, উপজেলা কৃষক দলের সদস্য সচিব জিয়া উদ্দিন, ডৌবাড়ী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শহিদুর রহমান, লেংগুড়া ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক জাকারিয়া আহমেদ, নন্দিরগাও ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ইব্রাহিম আলী, পূর্ব আলীরগাও ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক তছলিম উদ্দিন, বিএনপি নেতা হুসেন আহমেদ, ইমাম উদ্দিন, বিলাল আহমেদ, আবদুল্লাহ, জিয়াউল হক জিয়া, আব্দুল মালিক, ওয়াহাব আলী, ফখরুল ইসলাম, কামাল উদ্দিন, আবুবক্কর

সিদ্দিক, আব্দুল রশিদ, এডভোকেট মোবারক, খলিলুর রহমান, বিলাল উদ্দিন, ফয়েজ, আব্দুন নুর, মিজানুর, জাহাঙ্গীর আলম, রুহুল আমিন, জহির উদ্দিন, আনা মিয়া, যুবদল নেতা দেলোয়ার হোসেন, হেলাল আহমেদ, কুতুব, দেলোয়ার হোসেন রিপন, এম ওয়ারিস, সোহেল আহমেদ, আলিম উদ্দিন দুর্জয়, কাওসার আহমেদ সাজু, মিজানুর রহমান, জমিল আহমেদ, ফয়েজ আহমেদ প্রমূখ।বিজ্ঞপ্তি